৬৪

বাংলাদেশ টেনিস ফেডারেশন
BANGLADESH TENNIS FEDERATION
স্থাপিত-১৯৭২
National Tennis Complex, Ramna, Dhaka-1000, Bangladesh, Tel : +88-02-58612895
Fax : +88-02-966271 e-mail : btftennis@yahoo.com Web : www.btftennis.com

বিটিএফ/৮৩/সিএসি/২০২৩/ ১০ মে ২০২৩

বিষয়ঃ 'আইটিএফ এশিয়া অনূর্ধ্ব-১২ দলগত টেনিস প্রতিযোগিতা ২০২৩' উপলক্ষ্যে ভেন্যুর পরিচ্ছন্নতা, মশক নিধন, ভিআইপি সড়ক ও সড়ক দ্বীপ সমূহে প্রতিযোগিতার ব্যানার, ফেস্টুন প্রদর্শনের অনুমতি প্রদান প্রসংগে।

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেনিস ফেডারেশনের ব্যবস্থাপনায় শেখ জমাল জাতীয় টেনিস কমপ্লেক্স, রমনায় আগামী ১৬-২০ মে ২০২৩ পর্যন্ত আন্তর্জাতিক টেনিস ফেডারেশনের অনুমোদিত 'আইটিএফ এশিয়া অনূর্ধ্ব-১২ দলগত টেনিস প্রতিযোগিতা ২০২৩' অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় স্বাগতিক বাংলাদেশসহ ভারত, নেপাল, ভূটান, মালদ্বীপ ও শ্রীলংকা হতে অনূর্ধ্ব-১২ বছরের ৪৪ জন বালক/বালিকা খেলোয়াড়, প্রশিক্ষক ও অফিসিয়াল অংশগ্রহণ করবে। এটি বাংলাদেশের জন্য একটি সম্মানজনক প্রতিযোগিতা। প্রতিযোগিতাটি সফলভাবে আয়োজন এবং প্রচার-প্রচারণার জন্য নানামূখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় নিম্নবর্ণিত সহযোগিতা প্রয়োজন :

(১) ভেন্যুর অভ্যন্তরে ও চতুর্দিকের এলাকাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করা। বিশেষ করে টেনিস ফেডারেশনের পার্কিং এরিয়ার জমাকৃত আবর্জনা ও রমনা পার্কের দেয়াল ঘেঁষে রাস্তার দুই পার্শের আবর্জনাসমূহ পরিস্কার করা।

(২) ভিআইপি সড়ক সমূহের সড়ক দ্বীপ, আইল্যান্ড, ফুট ওভারব্রিজ, লাইটপোস্ট ইত্যাদি স্থানে বিশেষ করে বিমানবন্দর সার্কেল, কাকরাইল সার্কেল, বিজয় স্মরনী সার্কেল, সোনারগাঁ/কাওরানবাজার সার্কেল, হোটেল ইন্টারকন্টিনেন্টাল সার্কেল, টিএসসি সার্কেল, মিন্টুরোড সার্কেল, নাবিস্কো ইউ-লোপ, মহাখালী সেতুভবন ইউ-লোপ ইত্যাদি এলাকায় ১২ মে ২০২৩ হতে ২১ মে ২০২৩ পর্যন্ত সময়ের জন্য প্রতিযোগিতার ব্যানার, ফেস্টুন ইত্যাদি প্রদর্শণের প্রয়োজনীয় অনুমতি প্রদান।

(৩) প্রতিযোগিতা শুরুর পূর্ব হতেই প্রতিদিন সন্ধ্যায় অথবা খেলা শুরুর পূর্বে সকাল ৮:০০ ঘটিকার মধ্যে মশা নিধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৪) ফেডারেশনের দক্ষিণ-পূর্ব কর্নারে বাউন্ডারী ওয়ালের পার্শ্বে কে বা কাহারা বিজ্ঞাপনের জন্য একটি বিলবোর্ড স্থাপন করেছে, ফলে আন্তর্জাতিক প্রতিযোগিতার ভেন্যুটির সৌন্দর্য ও ভাবমূর্তী ক্ষুন্ন হচ্ছে। প্রতিযোগিতা শুরুর পূর্বেই স্থাপিত বিলবোর্ডটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

০২। এমতাবস্থায়, প্রতিযোগিতা উপলক্ষ্যে শেখ জামাল জাতীয় টেনিস কমপ্লেক্সের পরিচ্ছন্নতা, ভিআইপি সড়ক দ্বীপ, ফুট ওভারব্রিড, লাইটপোস্ট ও বিভিন্ন সার্কেলে প্রতিযোগিতার ব্যানার, ফেস্টুন, প্রদর্শনের প্রয়োজনীয় অনুমতি প্রদান, মশক নিধন এবং ফেডারেশনের দক্ষিণ-পূর্ব কোনায় বাউন্ডারী ওয়ালের পার্শ্বে স্থাপিত বিলবোর্ড অপসারণের প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণেল জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(আবু সাঈদ মোহাম্মদ হায়দার)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ টেনিস ফেডারেশন
ফোন : +৮৮০২ ৪১০৬০১৭৪, ৪১০৬০৪৮৭
মোবাইল : ০১৯৩৩-১১৭৫৭৫
ই-মেইল :btftennis@yahoo.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃঃআঃ উপ সচিব (নগর-২)

কার্যার্থে অনুলিপি : (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নম্বর ৩৪.০০.০০০০.০৭১.১৮.০০৩.১৯.৩২৪ তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৩

সভার বিজ্ঞপ্তি (সংশোধিত)

বাংলাদেশ টেনিস ফেডারেশনের ব্যবস্থাপনায় আগামী ১৮-২১ মে ২০২৩ পর্যন্ত "আইটিএফ এশিয়া অনূর্ধ্ব-১২ দলগত প্রতিযোগিতা-দক্ষিণ এশিয়া আঞ্চলিক কোয়ালিফাইং ইভেন্ট ২০২৩" শেখ জামাল জাতীয় টেনিস কমপ্লেক্স, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় স্বাগতিক বাংলাদেশসহ ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, মালদ্বীপ ও শ্রীলংকা অংশগ্রহণ করবে। প্রতিযোগিতাটি সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে **অনিবার্য কারণ বশত আগামী ১০/০৫/২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় আয়োজিতব্য আন্তঃমন্ত্রণালয় সভাটি আগামী ১১/০৫/২০২৩ তারিখ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায়** সরাসরি/ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। এ মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ সভায় সভাপতিত্ব করবেন।

০২। উক্ত সভায় যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে/তাঁর প্রতিনিধিকে সরাসরি/ ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সভায় ভার্চুয়ালি অংশগ্রহণের জন্য Zoom Meeting Link, ID ও Password নিম্নে দেয়া হলোঃ

Zoom Meeting Link:
https://us06web.zoom.us/j/83893724390?pwd=K2dDb0ExUVdUd1BvQjF4Y1pCMWYrdz09

Meeting ID: 838 9372 4390
Passcode: 5555

৯-৫-২০২৩
এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৯৫১৩৩৬৩
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪৪০৮
ইমেইল:
secretary@moysports.gov.bd

বিতরণ:কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৬) সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৮) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৫) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা
১৬) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১৭) বিভাগীয় কমিশনার, ঢাকা।
১৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১৯) চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
২০) চেয়ারম্যান, বিটিআরসি, ঢাকা।
২১) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৩) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ
২৪) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, বেতার ভবন, আগারগাঁও, ঢাকা।
২৫) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
২৬) ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, আব্দুল গনি রোড, ঢাকা।
২৭) প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, মতিঝিল, ঢাকা।
২৮) জেলা প্রশাসক, ঢাকা।
২৯) উপসচিব , ক্রীড়া-১ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩০) উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সভা কক্ষ প্রস্তুত রাখার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩৪) সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেনিস ফেডারেশন, ঢাকা। (সভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩৫) ব্যক্তিগত কর্মকর্তা , প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩৬) অফিস কপি ।